

“ পুন: উন্মুক্ত ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ”

শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামের কারপার্কিং এর দুই পার্শ্বে ০২ (দুই) টি পাবলিক টয়লেট পরিচালনার জন্য ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে সীলমোহরকৃত খামে প্রতियোগিতামূলক পুন: উন্মুক্ত ইজারা দরপত্র নিম্ন বর্ণিত শর্তে আহবান করা যাচ্ছে :-

১.	দরপত্রের বিষয়	: শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর চট্টগ্রামের কারপার্কিং এর দুই পার্শ্বে ০২ (দুই) টি পাবলিক টয়লেট পরিচালনার ইজারার দরপত্র।
২.	দরপত্রের সূত্র নং ও তারিখ	: সিএএবি সদর দপ্তর, ঢাকা স্বারক নং- ৩০.৩১.০০০০.২৩১.৫৩.০০২.১৭.২৬২, তারিখ- ০৩/১১/২০২১খ্রি:।
৩.	ইজারার মেয়াদ	: ০১/০১/২০২২খ্রি: হতে বা প্রাথমিক ভাবে হস্তান্তরের তারিখ হতে ০১ (এক) বছর। (আর্থিক সন বিবেচনায়)।
৪.	প্রতিসেট ইজারা দরপত্রের মূল্য	: ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরৎ যোগ্য)।
৫.	নির্ধারিত আর্পেস্টমানি	: আর্পেস্টমানি হিসাবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে।
৬.	কর্তৃপক্ষের ন্যূনতম গড় ইজারামূল্য	: ১৬,২৬,৬৬৭/- (মোল লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত ষাটষাট) টাকা।
৭.	দরপত্র সিডিউল সর্বশেষ প্রাপ্তির তারিখ	: ২৪/০১/২০২২খ্রি:, অফিস চলাকালীন সময় পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত)।
৮.	দরপত্র প্রাপ্তির স্থান	: ক) পরিচালকের দপ্তর, হিসাব শাখা, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম। খ) সহকারী পরিচালক (হিসাব), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৯.	দরপত্র জমা প্রদানের সর্বশেষ তারিখ ও সময়	: ২৫/০১/২০২২খ্রি: বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত। পরিচালকের দপ্তর, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।
১০.	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	: ২৫/০১/২০২২খ্রি: বেলা ১২:৩০ ঘটিকায় দরপত্রদাতা বা মনোনীত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি থাকে)। পরিচালকের দপ্তর, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।
১১.	অন্যান্য শর্তাবলী :- ক) নিজ নিজ সংস্থা/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র প্রদানের জন্য আবেদন করতে হবে। খ) সীল মোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। গ) দরপত্রের শর্তাবলী প্রযোজ্য হবে। ঘ) অনিবার্য কারণ বশত: নির্ধারিত তারিখে দরপত্র অনুষ্ঠিত না হলে পরবর্তী প্রথম কর্মদিবসে একই স্থানে এবং সময়ে দরপত্র অনুষ্ঠিত হবে। ঙ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সমস্ত দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। চ) বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।	

২৫/০১/২০২২
(উইং কমান্ডার মো: ফরহাদ হোসেন খান, পিএসসি)
পরিচালক
শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।